

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০১০.২০.৩৪৫

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮

১৮ জুলাই ২০২১

বিষয়: আসন্ন ঈদুল আযহার পরে কোরবানির মাংস প্রক্রিয়াজাতকরণসহ সরবরাহ এবং মাছ, মাংস, দুধ ও ডিমের উৎপাদন, পরিবহণ, সরবরাহ ও বিপণনের অনুমতি প্রদান।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ তারিখঃ ১৩/০৭/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। উক্ত নির্দেশনায় সারা দেশে খাদ্যদ্রব্য, ঔষধ এবং জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য পরিবহণ/বিক্রয় বিধি-নিষেধের আওতাবহির্ভূত রাখা হয়েছে।

২.০। ঈদুল আযহার সময় এবং পরবর্তী সময়ে সমন্বিত খামার ও মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানসমূহ (বেঙ্গল মিট, দেশী মিট, সাদিক এগ্রো ইত্যাদি) গবাদি পশু কোরবানিপূর্বক প্রক্রিয়াজাত করে সেবা গ্রহিতার বাড়িতে পৌঁছে দিয়ে থাকে। এ কাজ সম্পন্ন করতে ঈদ উল আযহার পরও ৬/৭ দিন সময়ের প্রয়োজন হবে।

৩.০। দেশের জনগণের খাদ্যের/পুষ্টি চাহিদা পূরণের জন্য মাছ, মাংস, দুধ এবং ডিম উৎপাদন, বিপণন এবং সরবরাহ অব্যাহত রাখা প্রয়োজন। এ লক্ষ্যে এ সকল খাদ্য সামগ্রী উৎপাদনের সাথে সংশ্লিষ্ট কাঁচামালের অব্যাহত যোগান নিশ্চিত করা আবশ্যিক।

৪.০। বর্ণিত অবস্থায়, করোনা পরিস্থিতি মোকাবেলায় ঘোষিত বিধিনিষেধ চলাকালে কোরবানির মাংস প্রক্রিয়াজাতকরণ, মাছ, মাংস, দুধ ও ডিম এবং এর জন্য প্রয়োজনীয় কাঁচামাল, খাদ্য, ঔষধ, চিকিৎসা সরঞ্জাম, কৃত্রিম প্রজননের সামগ্রী ইত্যাদি উৎপাদনের খামার/কারখানা খোলা রাখাসহ সরবরাহ ও বিপণন বিধি-নিষেধের আওতা বহির্ভূত ঘোষণার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১৮-৭-২০২১

ড.অমিতাভ চক্রবর্তী

উপসচিব

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

ইমেইল: livestock-2@mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০১০.২০.৩৪৫/১(১০১)

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮

১৮ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) ইন্সপেক্টর জেনারেল, পুলিশ হেডকোয়ার্টার্স।
- ৪) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।

- ৫) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর।
- ৬) অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৭) অতিরিক্ত আইজি, হাইওয়ে পুলিশ, সদর দপ্তর।
- ৮) বিভাগীয় কমিশনার (সকল)।
- ৯) যুগ্মসচিব, প্রাণিসম্পদ-১ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ১০) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ১১) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল)।
- ১২) জেলা প্রশাসক (সকল)।
- ১৩) পুলিশ সুপার (সকল)।
- ১৪) বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর (সকল)।
- ১৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৮) সভাপতি, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ কেন্দ্রীয় কাউন্সিল, মেগা ডমিসিল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪ ব্লক- বি, নিকেতন, গুলশান-১, ঢাকা।
- ১৯) প্রেসিডেন্ট, বাংলাদেশ ডেইরি ফার্মারস এসোসিয়েশন, ৭ নং লোহার গেট, নাবিননগর হাউজিং, বেড়িবাঁধ, মোহাম্মদপুর, ঢাকা।
- ২০) প্রেসিডেন্ট, বাংলাদেশ একুয়া প্রোডাক্ট কোম্পানীজ এসোসিয়েশন (বাপক), ছায়ানীড়, ৫২/২, নিউ ইফ্রাটন রোড (৪র্থ তলা), ঢাকা।
- ২১) সভাপতি, ফিড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন (ফিআব) মেগা ডমিসিল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক- বি, নিকেতন, গুলশান-১, ঢাকা।
- ২২) সভাপতি, এ্যানিমেল হেলথ কোম্পানীজ এসোসিয়েশন বাংলাদেশ (আহকাব), কনকর্ড সেন্টার পয়েন্ট, ১৪/এ এবং ৩১/এ, তেজকুনীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।
- ২৩) সভাপতি, গোট এন্ড শীপ ফার্মার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, এলিবি র্‌য়াংগস্, বউরা পশ্চিমপাড়া জামে মসজিদ, খিলক্ষেত, ঢাকা।
- ২৪) সভাপতি, বাংলাদেশ এগ্রো ফিড ইনগ্রেডিয়ার্স্ ইমপোর্টার্স এন্ড ট্রেডার্স এসোসিয়েশন (বাফিটা), ৬৩/সি আসাদ এভিনিউ, মাদারস হোম (৫ম তলা), মোহাম্মদপুর, ঢাকা।



১৮-৭-২০২১

ড. অমিতাভ চক্রবর্তী

উপসচিব